তারিখ ... 19 OCT 2002
পৃষ্ঠা ... 6

ভোরের কাগজ

শামসুন্নাহার হলে পুলিশি হামলা

# বিশ্ববিদ্যালয় কমিটির তদন্ত কমিটি সিন্ডিকেটে উত্থাপন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে বর্বর পুলিশি হামলার ঘটনা তদন্তে গঠিত বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি তেমন কোনো তথ্যই উদঘাটন করতে পারেনি। কোনোরকম সুপারিশ ছাড়াই দায়সারা এই রিপোর্টটি গত বৃহস্পতিবার সিন্ডিকেটে উপস্থাপন করা হয়েছে।

তবে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট কেবল রিপোর্ট আলোচনাই করেছে। কোনোরকম ব্যবস্থা গ্রহণ করেনি। উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ বলেছেন, পরবর্তী পর্যায়ে তিনি ও উপউপাচার্য রিপোর্টটি পড়ে এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

রিপোর্ট পর্যালোচনায় দেখা গেছে, এই রিপোর্টে কোনোরকম সুপারিশ নেই। কেবল কয়েকটি তথ্য উদঘাটন করা হয়েছে, যা আংশিক। রিপোর্টে কার

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৮

## বিশ্ববিদ্যালয় কমিটির

● শেষের পাতার পর

নির্দেশে পুলিশ হামলা চালিয়েছে তার কোনো উল্লেখ নেই। রিপোর্টের অধিকাংশ তথ্যে কেবল প্রভোস্টের দায়িত্বহীনতার কথা বেশি উল্লেখ করা হয়েছে।

রিপোর্ট আলোচনা শেষে এক সিন্ডিকেট সদস্য বলেন, তদন্ত কমিশনের রিপোর্টের পর এই রিপোর্টের তেমন মূল্য থাকে না। তাছাড়া এই রিপোর্টে তেমন কোনো তথ্য উদঘাটন হয়নি। যা করা হয়েছে তদন্ত কমিশনের রিপোর্টেই তার সব আছে।

তবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এই রিপোর্টকে একটি চমৎকার রিপোর্ট হিসেবে উল্লেখ করেছেন। এ জন্য তিনি তদন্ত কমিটির সবাইকে ধন্যবাদ জানান।

দীর্ঘ আড়াই মাস তদন্ত শেষে গত রোববার রিপোর্টটি উপাচার্যের কাছে হস্তান্তর করা হয়। গত বৃহস্পতিবার রিপোর্টটি সিন্ডিকেট সভায় আলোচিত হয়। উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ সভায় সভাপতিত্ব করেন।